আপনার ভোটটি কার্যকর করার উপায়

ভোটের দিন আপনি দুটি ব্যালট পেপার পাবেনঃ প্রতিনিধি পরিষদের জন্য একটি **সবুজ** ব্যালট এবং সিনেটের জন্য একটি **সাদা** রঙের।

প্রতিনিধি পরিষদ

সবুজ ব্যালট কাগজে, আপনার প্রথম পছন্দের প্রার্থীর পাশের বাক্সে '1' বসাতে হবে, দ্বিতীয় পছন্দের প্রার্থীর পাশের বাক্সে '2', এবং এভাবে অন্যগুলো পূরণ করবেন, যতক্ষণ না পর্যন্ত আপনি প্রত্যেকটি বাক্স নম্বর দিয়ে পূরণ করেন।

আপনার ভোটটি যাতে গণনা হয়, সেজন্য আপনাকে অবশ্যই **প্রতিটি বাক্সে** নম্বর দিতে হবে।



নমুনা ব্যালট পেপার

সিনেট

সাদা ব্যালট কাগজে আপনি লাইনের উপরে বা নিচে ভোট দিতে পারেন।



হয় লাইনের উপরে

আপনি যদি লাইনের উপরে ভোট দেন, তাহলে আপনাকে অবশ্যই 1 থেকে 6 পর্যন্ত **অন্ততঃ ৬টি বাক্সে** নম্বর বসাতে হবে।

যে পার্টি বা জোট আপনার প্রথম পছন্দ, তার জন্য বাক্সে '1' বসান, দ্বিতীয় পছন্দের প্রার্থী বা জোটের জন্য বাক্সে '2' বসান, এবং এভাবে যতক্ষণ না পর্যন্ত আপনি অন্ততঃ ৬ টি বাক্সে নম্বর দিচ্ছেন ততক্ষণ নম্বর বসাতে থাকুন। আপনি লাইনের উপরে যতগুলো ইচ্ছা ততগুলো বাক্সে নম্বর দিতে পারেন।



নমুনা ব্যালট পেপারসমূহ

অথবা লাইনের নিচে

আপনি যদি লাইনের নিচে ভোট দেন, তাহলে আপনাকে অবশ্যই 1 থেকে 12 পর্যন্ত **অন্ততঃ ১২ টি বাক্সে** নম্বর বসাতে হবে।

আপনার প্রথম পছন্দের প্রার্থীর পাশের বাক্সে '1' বসান, দ্বিতীয় পছন্দের প্রার্থীর জন্য বাক্সে '2' বসান, এবং এভাবে যতক্ষণ না পর্যন্ত আপনি অন্ততঃ ১২ টি বাক্সে নম্বর দিচ্ছেন ততক্ষণ নম্বর বসাতে থাকুন। আপনি লাইনের নিচে যতগুলো ইচ্ছা ততগুলো বাক্সে নম্বর দিতে পারেন।

ভুল করে ফেললে দুশ্চিন্তা করবেন না।
আপনি আরেকটি ব্যালট পেপার চেয়ে নিয়ে আবার শুরু করতে পারেন।

ইলেকটোরাল কমিশন, ক্যানবেরা কর্তৃক অনুমোদিত | Authorised by the Electoral Commissioner, Canberra